মুজিবনগরে ফেনসিডিলসহ এক মাদক কারবারী আটক

মুজিবনগরে ৮১ বতল ফেনসিডিলসহ কামাল হোসেন(৩৫) নামের একজন মাদক কারবারীকে আটক করেছে মুজিবনগর থানা পুলিশ।

রবিবার ভোর সাড়ে পাঁচটার দিকে মুজিবনগর উপজেলার বাগোয়ান তিন রাস্তার মোড় থেকে তাকে আটক করা হয়।

আটককৃত কামাল হোসেন মেহেরপুর সদর উপজেলার চাঁদবিল রাস্তা পাড়ার মহিদুল ইসলামের ছেলে।

মুজিবনগর থানা সূত্রে জানা গেছে, আসামী হুদা পাড়ার দিক থেকে আনন্দবাস হয়ে বাগোয়ান ক্রস করে মাদক চালান দেবে এমন গোপন সংবাদের ভিত্তিতে এসআই মোমিনুর রহমানের নেতৃত্বে এএসআই এসএম আলিফসং সংগীয় ফোর্স সেখানে অভিযান চালায়।

অভিযান চলাকালীন সময় বাগোয়ান মোড়ের কাছে তাদের দেখতে পৌছালে পুলিশের গাড়ির সিগনাল পাই। পরে তারা পালাতে যেয়ে মটরসাইকেল সহ পড়ে যায়। এমন অবস্থায় মটরসাইকেল চালক পালিয়ে যায় এবং তার পিছনে থাকা আসামি মাটিতে পড়ে থাকে।

পরে পুলিশ যেয়ে তাকে হাতেনাতে ফেনসিডিলসহ আটক করে।

মুজিবনগর থানার অফিসার ইনচার্জ আব্দুল হাশেম জানান, গোপন সংবাদের ভিত্তিতে আনন্দবাস, বাগোয়ান এলাকায় অভিযান চালানো হয়। অভিযান চলাকালীন সময় আসামীর কাছ থেকে ৮১ বতল ফেনসিডিলসহ হাতেনাতে আটক করা হয়।

তার নামে মুজিবনগর থানায় মাদক দ্রব্য নিয়ন্ত্রন আইনে মামলা দেওয়া হবে। এবং পালাতক আসামীকে আটক করার জন্য চেষ্টা চলছে।

দামুড়হুদায় ১৯ বোতল ফেন্সিডিল সহ আটক ১

চুয়াডাঙ্গার দামুড়হুদার আটকবর মোড়ে অভিযান চালিয়ে ১৯ বোতল ফেন্সিডিলসহ কাবিদুল ইসলাম নামের এক মাদক কারবারিকে আটক করেছে পুলিশ।

গতকাল শনিবার সকাল ১০ টার দিকে গোপন সংবাদের ভিত্তিতে নাটুদহ পুলিশ ক্যাম্পের এস আই মোঃ পলাশ পারভেজ, এএসআই মোঃ সাখাওয়াত হোসেন সঙ্গীয় ফোর্সসহ জগন্নাথপুর আটকবর মোড় এলাকায় মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন।

এ সময় চুয়াডাঙ্গা জেলা দামুড়হুদা উপজেলার মুন্সিপুর গ্রামের মোঃ আঃ ওহাব এর ছেলে মোঃ কাবিদুল ইসলাম (২৫) কে জগন্নাথপুর আটকবর মোড় থেকে আটক করে পুলিশ। এ সময় আসামির কাছ থেকে ১৯ বোতল ফেন্সিডিল উদ্ধার করা হয় ।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আব্দুল খালেক বলেন আসামির বিরুদ্ধে মাদকদ্রব্য আইনে মামলা করা হয়েছে এবং শনিবার আসামিকে আদালতে প্রেরণ করা হয়েছে।

কোটচাঁদপুরে ইয়াবা ও ফেন্সিডিলসহ যুবলীগ নেতা আটক

ঝিনাইদহের কোটচাঁদপুরে ৩’শ ৭২পিচ ইয়াবা ও ৪ বোতল ফেন্সিডিল সহ ফারুক হোসেন (২৭) নামে এক ওর্য়াড যুবলীগ নেতাকে আটক করেছে কোটচাঁদপুর থানা পুলিশ।

শুক্রবার দিবাগত রাতে পৌরসভার বড়বামনদাহ গ্রামের পন্ডিতপাড়ার নিজ বাসা থেকে তাকে আটক করা হয়। আটককৃত ফারুক ওই এলাকার ইকবাল হোসেনের ছেলে।

কোটচাঁদপুর থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম জানান, গোপন সংবাদের ভিত্তিতে শুক্রবার দিবাগত রাত দেড় টার দিকে পৌরসভার বড়বামনদাহ গ্রামের পন্ডিত পাড়ার ফারুক হোসেনের বাড়িতে অভিযান পরিচালনা করা হয়।

পুলিশের উপস্থিতি টের পেয়ে ফারুক বাড়ির ছাদ থেকে লাফিয়ে পালানোর চেষ্টা করে পায়ে গুরতর আঘাত পায়। এসময় পুলিশ তাকে আটক করে। পরে ফারুকের স্বীকারোক্তিতে বাড়িতে তল্লাশী চালিয়ে বাথরুমের ছাদ থেকে বিস্কুটের প্যাকেটে থাকা ৩’শ ৭২ পিচ ইয়াবা ও ৪ বোতল ফেন্সিডিল উদ্ধার করে পুলিশ।

ওসি জানান, আটক ফারুকের বিরুদ্ধে ৩৬ (১) এর ১০ (ক) ও ১৪(ক) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ ধারায় মামলা দায়ের হয়েছে। যার মামলা নং- ০৩। পায়ে গুরতর আঘাত পাওয়ায় তাকে কোটচাঁদপুর স্বাস্থ্যকমপ্লেক্সে পুলিশ পাহারায় চিকিৎসা দেওয়া হচ্ছে।

আটককৃত ফারুক হোসেন পৌরসভার ০৮ নং ওর্য়াড যুবলীগের প্রস্তাবিত সভাপতি।

গাংনী রংমহল সীমান্তে গাঁজাসহ মাদক পাচারকারী আটক

মেহেরপুরের গাংনী উপজেলার রংমহল সীমান্তে ১৬ কেজি গাঁজাসহ নজরুল শেখ নামের এক মাদক পাচারকারীকে আটক করেছে বিজিবি।

শনিবার ভোররাতে সীমান্তবর্তী খাস মহলের মাঠ থেকে তাকে আটক করা হয়। আটককৃত নজরুল শেখ খাস মহল গ্রামের মৃত হুজুর শেখের ছেলে। এসময় গাজা মালিক আশরাফুল ও মিশকাত পালিয়ে যায়।

৪৭ বিজিবি ক্যাম্প কমান্ডার, সেলিম ভূঁইয়া জানান,শনিবার ভোররাতে ভারতীয় সীমান্ত রংমহল খাস মহল মাঠ দিয়ে কয়েকজন মাদক পাচারকারী মাদক নিয়ে আসছে।

এমন গোপন সংবাদের ভিত্তিতে ক্যাম্প কমান্ডার সঙ্গীয় সদস্য নিয়ে

অভিযান চালালে খাসমহল গ্রামের সাকিমুদ্দিন এর ছেলে মিশকাত ও কালামের ছেলে আশরাফুল গাঁজা ফেলে পালিয়ে যায়। এসময় ভ্যানচালক নজরুল শেখকে আটক করতে সক্ষম হয় বিজিবি সদস্যরা।

নজরুলের ভ্যান থেকে বস্তাভর্তি ১৬ কেজি গাঁজা উদ্ধার করা হয়।

শনিবার বেলা দশটার দিকে গাজা বহনকারী নজরুল শেখ কে গাংনী থানায় সোপর্দ করা হয়েছে।

গাংনী থানার ডিউটি অফিসার এসআই জহির উদ্দিন জানান, গাঁজাসহ আটককৃত নজরুল শেখ কে মামলার আলামত সহ আদালতে প্রেরণ করা হয়েছে।

আলমডাঙ্গায় ভ্রাম্যমাণ আদালতে মাদক ব্যবসায়ীর কারাদণ্ড

আলমডাঙ্গায় এক মাদক ব্যবসায়ীকে ১৫ দিনের জেল দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত। ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট উপজেলা নির্বাহী কর্মকতা লিটন আলী এই আদেশ দেন।

মাদক ব্যবসায়ী হলেন, উপজেলার কালিদাসপুর সাদা ব্রীজপাড়ার মৃত জালাল উদ্দিনের ছেলে শফি উল্লাহ।

পুলিশ সূত্রে জানা যায়, কালিদাসপুর সাদা ব্রীজপাড়ার মৃত জালাল উদ্দিনের ছেলে শফি উল্লাহ। দীর্ঘদিন ধরে মাদক ব্যবসা করে আসছে।

বৃহস্পতিবার দুপুরের আসাননগর কপাটের কাছে থানার এসআই সুফল ও এএসআই কামরুল ইসলাম ওঁৎ পেতে থাকেন। মাদক ব্যবসায়ী কৌশল অবলম্বন করে নেশা জাতীয় ইনজেকশন বিক্রির সময় পুলিশ তাকে আটক করে।

নেশা জাতীয় ইনজেকশন ব্যবসার অপরাধে মাদক নিয়ন্ত্রণ আইনে তাকে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমের ১৫ দিনের করে জেল দিয়েছেন নির্বাহী ম্যাজিস্ট্রেট।

মেহেরপুরে ফেন্সিডিলসহ আটক ৩

মেহেরপুরে ২৫ বোতল ফেন্সিডিল সহ তিন মাদক ব্যবসায়ীকে আটক করেছে সদর থানা পুলিশ। বৃহস্পতিবার বিকাল ৩টার দিকে শহরের কোর্ট মোড় এলাকা থেকে তাদের আটক করে থানায় নিয়ে আসা হয়। এস আই হারুন শেখ ও এ এস আই ওবাইদুর রহমান সঙ্গীয় ফোর্স নিয়ে গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে তাদের আটক করা হয়।

আটকৃতরা হলো, সদর উপজেলার দক্ষিণ শালিকা গ্রামের মিকাইলের ছেলে বজলু(৩২) তার স্ত্রী মুক্তি(২৬) ও একই গ্রামের আদম আলীর ছেলে আজিম।

মেহেরপুর সদর থানার ওসি শাহ দারা খান বিষয়টি নিশ্চিত করে মেহেরপুর প্রতিদিনকে বলেন, আটক আসামীদের বিরুদ্ধে মাদক নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করা হয়েছে।

মেপ্র/এমএফআর

কুষ্টিয়ায় ট্যাপেন্টা ও ফেন্সিডিলসহ গ্রেফতার

কুষ্টিয়ায় মাদক সম্রাট রাসেল ফার্মেসির মালিক আনোয়ার সাঈদ রাসেলকে (৪০) ফেন্সিডিল, ট্যাপেন্টাসহ আটক করেছে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কর্মকর্তারা। এ সময় তার কাছ থেকে ১৭৩৬ পিচ ট্যাপেন্টা, ১০ বোতল ফেন্সিডিল ও নগদ ৫লক্ষ ৯৭ হাজার টাকা উদ্ধার করা হয়।

বুধবার (২৬ আগস্ট) দুপুরে কুষ্টিয়া সদর উপজেলার নতুন কোর্টপাড়ায় নিজ বাড়ি থেকে তিনকে আটক করা হয়।

আটকৃতরা হলেন নতুন কোটপাড়ার আবু হোসেনের ছেলে আনোয়ার সাঈদ রাসেল, জগতি কৃষকপাড়ার মৃত বদর উদ্দিন বিশ^◌াসের ছেলে আমিরুল ইসলাম ও বটতৈল এলাকার মৃত আখের আলীর ছেলে মহি উদ্দিন।

কুষ্টিয়া মাদকদ্রব্য নিয়ন্ত্রণ সহকারী পরিচালক শিরীন আক্তার বলেন আমিরুল ইসলাম ও মহি উদ্দিনদেরকে ট্যাপেন্টা সহ আটক করে। তাদের স্বীকারোক্তি অনুপাতে রাসেল ফার্মেসির মালিকের কাছ থেকে ট্যাপেন্টা কিনেছে।

এরই সূত্র ধরে উপজেলা নির্বাহী অফিসার জুবায়ের হোসেন চৌধুরীর নেতৃত্বে এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণের কর্মকতাদের সহযোগিতায় রাসেল ফার্মেসির মালিক আনোয়ার সাঈদ রাসেলের বাড়ী তল্লাশি কালে ১০ বোতল ফেন্সিডিল, ১৭৩৬ পিচ ট্যাপেন্টা টাবলেট, নগদ ৫ লক্ষ ৯৭ হাজার উদ্ধার করে।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কর্মকর্তারা অভিযান চালিয়ে মাদক সম্রাট ও রাসেল ফার্মেসির মালিক আনোয়ার সাঈদ রাসেলকে আটক করে থানায় হস্তাস্তর করেছে। এ ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক বাদী হয়ে তার বিরুদ্ধে মাদক আইন মামলা দায়ের করেছেন।

তিনি আরও বলেন, আনোয়ার সাঈদ রাসেলের বিরুদ্ধে মডেল থানায় বেশকিছু মাদক আইনের মামলা রয়েছে।

এলাকাবাসী জানায়, নতুন কোর্টপাড়াসহ ও উপজেলার বিভিন্ন এলাকায় ইয়াবা, ও ফেন্সিডিল বিক্রি করে আসছে আনোয়ার সাঈদ রাসেল। কিছু প্রভাবশালীদের ছত্রছাঁয়ায় রাসেল দীর্ঘদিন ধরে মাদক ব্যবসায় চালিয়ে আসছে। রাসেল আটক হওয়ায় এলাকায় স্বস্তি ফিরেছে বলে জানান এলাকাবাসী।

আলমডাঙ্গায় দুই মাদক কারবারির ১ বছর জেল

আলমডাঙ্গায় দুই মাদক কারবারিকে ১ বছর করে জেল দিয়েছেন ভ্রাম্যমাণ

আদালত। ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট উপজেলা নির্বাহী কর্মকতা লিটন আলী ওই আদেশ দেন।

মাদক কারবারিরা হলেন, উপজেলার কামালপুর গ্রামের মহিউদ্দিনের ছেলে সাকিল ও হারদী থানাপাড়ার কুদ্দুস আলীর ছেলে সেলিম। মাদক ব্যবসার অপরাধে তাদের ১ বছর করে জেল দেন নির্বাহী ম্যাজিস্ট্রেট।

পুলিশ সূত্রে জানা যায়, আলমডাঙ্গা উপজেলার কামালপুর গ্রামের মহিউদ্দিনের ছেলে সাকিল ও হারদী থানা পাড়ার কুদ্দুস আলীর ছেলে সেলিম দীর্ঘদিন ধরে মাদক ব্যবসা করে আসছে।

গত মঙ্গলবার সন্ধ্যায় কামালপুুর চরপাড়ায় মাদক হাত পাল্ট নোর সময় থানা এসআই সিন্ধার্থ অভিযান চালিয়ে তাদের আটক করে।

এ সময় ওই দুই জনের কাছ থেকে ১০ পিচ প্যাথেডিন ও ৯০ গ্রাম গাঁজা উদ্ধার করা হয়।

মাদক ব্যবসার অপরাধে মাদক নিয়ন্ত্রণ আইনে তাদের ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমের ১ বছর করে জেল দেওয়া হয়।

মেহেরপুরে ডিবি পুলিশের হাতে ফেন্সিডিলসহ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরের গাংনীতে ২২ বোতল ফেন্সিডিলসহ মিল্টন হোসেন(৩০) নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে ডিবি পুলিশ। মঙ্গলবার সকালে এস আই অজয় কুমার কুন্ডুর নেতৃত্বে অভিযান চালিয়ে গাংনীর কাজীপুর গ্রাম থেকে তাকে আটক করা হয়।

আটক মিল্টন হোসেন কাজিপুর গ্রামের খন্দকারপাড়ার শহিদুল ইসলাম এর ছেলে।

ডিবি পুলিশের ওসি জুলফিকার আলী বিষয়টি নিশ্চিত করে জানান, আটক আসামী বিরুদ্ধে গাংনী থানায় একটি নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করা হয়েছে।

মেপ্র/এমএফআর

পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়ন পরিষদে আইনশৃঙ্খলা ও চোরাচালান প্রতিরোধ কমিটির মাসিক সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়ন পরিষদে স্বাস্থ্য বিধি মেনে আইনশৃঙ্খলা ও চোরাচালান প্রতিরোধ কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে।

রবিবার ২৩ আগস্ট সকাল ১১ টার সময় পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এস এ এম জাকারিয়া আলম এর সভাপতিত্বে সভায় গুরুত্বপূর্ণ বক্তব্য রাখেন দর্শনা থানার উপ পরিদর্শক জনাব শফিকুর রহমান, সহ উপ পরিদর্শক মারুফ হোসেন।

এ সময় এলাকার সাধারণ মানুষের মধ্যে, আইন- শৃংখলা রক্ষা, মাদক কারবারীদের ধরিয়ে দিতে আইন শৃংখলা বাহিনীকে সহায়তা করতে বলা হয়। বাল্য বিবাহের বিরুদ্ধে সোচ্চার থাকার সিদ্ধান্ত গ্রহণ করা সহ বিভিন্ন বিষয়ে দিকনির্দেশনা মূলক বক্তব্য তুলে ধরেন উপস্থিত থাকা বক্তারা।

এ সময় উপস্থিত ছিলেন ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি জনাব মুন্তাজ হোসেন, সাধারণ সম্পাদক মোঃ জিয়াউল হক, মুক্তিযোদ্ধা কামান্ডার জনাব তমছের আলী, জনাব হাতেম আলী, মহিউদ্দিন ও ইউ, পি সদস্য বৃন্দ এবং ইউপি সচিব হারুন- অর- রশীদ প্রমুখ।